যুদ্ধবিরতির মধ্যেই গাজার হাসপাতালে ইসরায়েলি হামলায় নিহত ৬



ছবি: সংগৃহীত

গাজার খান ইউনিসে নাসের মেডিকেল কমপ্লেক্সে ইসরায়েলি বিমান হামলায় ছয় ফিলিস্তিনি নিহত হয়েছেন। হামলায় আহত হয়েছেন আরও ২০ জনের বেশি। বৃহস্পতিবার (১২ নভেম্বর) ভোরে হাসপাতালটির একটি ভবন লক্ষ্য করে এ হামলা চালানো হয়।

গাজার সিভিল ডিফেন্সের তথ্য অনুযায়ী, হাসপাতালের আল-ইয়াসিন ভবনের দ্বিতীয় তলায় হামলাটি হয়। এতে চিকিৎসাসেবার গুরুত্বপূর্ণ দুটি বিভাগ নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) ও অস্ত্রোপচার বিভাগ ক্ষতিগ্রস্ত হয়েছে। হাসপাতালটির পরিচালকও ক্ষয়ক্ষতির বিষয়টি জানিয়েছেন।

ইসরায়েলি আর্মি রেডিও হামলাটিকে 'হত্যার অভিযান' হিসেবে বর্ণনা করেছে। তবে কাকে লক্ষ্য করে এ অভিযান চালানো হয়েছে, সে বিষয়ে কোনো ব্যাখ্যা দেয়নি তারা।

গাজায় গত কয়েক দিন ধরেও হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। বুধবার গাজা সিটি ও বুরেইজ শরণার্থীশিবিরে হামলায় পাঁচজন নিহত হন। এর আগের দিন হামলায় আহত আরেক ফিলিস্তিনিও পরে মারা যান।

২০২৫ সালের ১০ অক্টোবর যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পরও হামলা থামেনি। যুদ্ধবিরতি লঙ্ঘনের এসব ঘটনায় এখন পর্যন্ত ১ হাজার ৬২২ ফিলিস্তিনি প্রাণ হারিয়েছেন। আহতের সংখ্যা দাঁড়িয়েছে ৫ হাজার ৮৭৮ জনে।

২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরায়েলের সামরিক অভিযান শুরু হওয়ার পর মোট নিহতের সংখ্যা ৭৪ হাজার ৬০০ ছাড়িয়েছে। আহত হয়েছেন প্রায় ১ লাখ ৭৬ হাজার ফিলিস্তিনি। হতাহতদের বড় অংশ নারী ও শিশু।

দীর্ঘ সময়ের হামলায় গাজার অবকাঠামোর প্রায় ৯০ শতাংশই ধ্বংস হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।